

আয-যিলযাল | Az-Zalzala | الزَّلْزَلَةُ

আয়াতঃ ৯৯ : ১

আরবি মূল আয়াত:

إِذَا زُلْزِلَتِ الْأَرْضُ زِلْزَالَهَا ﴿١﴾

অনুবাদসমূহ:

যখন প্রচন্ড কম্পনে যমীন প্রকম্পিত হবে। — আল-বায়ান

পৃথিবীকে যখন তার প্রচন্ড কম্পনে কাঁপিয়ে দেয়া হবে, — তাইসিরুল

পৃথিবী যখন কম্পনে প্রবলভাবে প্রকম্পিত হবে, — মুজিবুর রহমান

When the earth is shaken with its [final] earthquake — Sahih International

১. যখন প্রবল কম্পনে যমীন প্রকম্পিত করা হবে(১),

(১) ‘যালযালাহ্’ মানে হচ্ছে, প্রচণ্ডভাবে জোরে জোরে ঝাড়া দেয়া, ভূকম্পিত হওয়া।

তাফসীরে জাকারিয়া

১। পৃথিবী যখন আপন কম্পনে প্রবলভাবে প্রকম্পিত হবে। [1]

[1] অর্থাৎ, এর অর্থ হল ভূমিকম্পের কারণে সারা পৃথিবী কেঁপে উঠবে। আর সমস্ত বস্তু চূর্ণ-বিচূর্ণ হয়ে যাবে। এই অবস্থা তখন হবে, যখন শিঙ্গায় প্রথমবার ফুৎকার করা হবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=6139>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন